গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ২০ আগস্ট ২০১৫, ৫ ভাদ্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আরও জনশক্তি নিতে সৌদি আরবকে অনুরোধ রাষ্ট্রপতির

২। দুই দেশের বিশাল বাজার কাজে লাগাতে পারলে ‘বড় কিছু’ করা সম্ভব
: দিল্লিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

৩। দিল্লিতে শুভ্রা মুখার্জির শেষকৃত্যানুষ্ঠান সম্পন্ন : প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন

৪। বিকল্প ব্যবস্থায় বিরোধ নিষ্পত্তি করে সমাজে শান্তি প্রতিষ্ঠা সম্ভব
: বিকল্প বিচার ব্যবস্থা নিয়ে সম্মেলনে স্পিকার

৫। ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে ৩৪ হাজার বৈদ্যুতিক খুঁটি ক্রয়সহ ৫ প্রস্তাব অনুমোদন

৬। অনুমোদন ছাড়া যন্ত্রপাতি কিনলে ব্যবস্থা নেওয়া হবে : স্বাস্থ্যমন্ত্রী

৭। দুই ছাত্রলীগ নেতা ক্রসফায়ারে নয়, বন্দুকযুদ্ধে নিহত : স্বরাষ্ট্রমন্ত্রী

৮। কোরবানির ঈদে রেললাইনের পাশে পশুর হাট নয় : সংসদীয় কমিটির সিদ্ধান্ত

৯। জঙ্গি অর্থায়নের অভিযোগে তিন আইনজীবী গ্রেফতার

১০। চলতি অর্থবছরে বড় অঙ্কের ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক
: প্রকল্প প্রস্তাব দ্রুত চূড়ান্ত করার তাগিদ

১১। ৭৮ শতাংশ সরকারি বিদ্যালয়ে কোচিং বাধ্যতামূলক
: গণসাক্ষরতা অভিযানের গবেষণা প্রতিবেদন

চলমান পাতা/২

১। আরও জনশক্তি নিতে সৌদি আরবকে অনুরোধ রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বাংলাদেশ থেকে আরও দক্ষ, আধা-দক্ষ এবং অদক্ষ জনশক্তি নেওয়ার জন্য সৌদি আরবের প্রতি অনুরোধ জানিয়েছেন। বাংলাদেশে নবনিযুক্ত সৌদি রাষ্ট্রদূত আবদুল্লাহ এইচ এম আলমুতাইরি গতকাল ১৯ আগস্ট বুধবার বঙ্গভবনে রাষ্ট্রপতির কাছে পরিচয়পত্র পেশকালে তিনি এ অনুরোধ জানান। রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন জানান, সৌদি আরবের রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি বলেন, দু'দেশের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক খুবই চমৎকার এবং নতুন রাষ্ট্রদূতের মেয়াদকালে আগামী দিনগুলোতে তা আরও দৃঢ় হবে। সূত্র-সমকাল (পৃ.২,ক.৪), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (পৃ.২,ক.৭), নিউজ টুডে (পৃ.২,ক.১)।

২। দুই দেশের বিশাল বাজার কাজে লাগাতে পারলে 'বড় কিছু' করা সম্ভব

: দিল্লিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

বাংলাদেশ ও ভারতের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক আরও জোরদার করার ওপর গুরুত্ব দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিশাল বাজারকে কাজে লাগাতে পারলে প্রতিবেশী এই দুই দেশ 'বড় কিছু' করতে পারে। গতকাল ১৯ আগস্ট বুধবার নয়াদিল্লিতে ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জির স্ত্রী শুভ্রা মুখার্জির শেষকৃত্যানুষ্ঠানে অংশ নেওয়ার পর দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সৌজন্য সাক্ষাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কথা বলেন বলে তাঁর প্রেস সচিব ইহসানুল করিম জানান। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.১,ক.৩), ইত্তেফাক (পৃ.১,ক.৫), ডেইলি স্টার (পৃ.২,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.৬)। ডেইলি অবজারভার, বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। দিল্লিতে শুভ্রা মুখার্জির শেষকৃত্যানুষ্ঠান সম্পন্ন : প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন

ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জির প্রয়াত স্ত্রী শুভ্রা মুখার্জির শেষকৃত্যানুষ্ঠান দিল্লির লোধি রোডের শ্মশানে গতকাল ১৯ আগস্ট বুধবার সম্পন্ন হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ১৯ আগস্ট বুধবার সকালে নয়াদিল্লিতে ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখার্জির স্ত্রী শুভ্রা মুখার্জির কফিনে পুষ্পস্তবক অর্পণ করে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জানান। পরে ভারতের রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুভ্রা মুখার্জির অন্ত্যেষ্টিক্রিয়ায় যোগ দেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.৬)।

৪। বিকল্প ব্যবস্থায় বিরোধ নিষ্পত্তি করে সমাজে শান্তি প্রতিষ্ঠা সম্ভব

: বিকল্প বিচার ব্যবস্থা নিয়ে সম্মেলনে স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বিকল্প ব্যবস্থায় বিরোধ নিষ্পত্তি করে অপরাধী ও অভিযোগকারীর মধ্যে দূরত্ব কমিয়ে সমাজে শান্তি প্রতিষ্ঠা করা সম্ভব। গতকাল ১৯ আগস্ট বুধবার রাজধানীর সোনারগাঁও হোটেলে 'অপরাধ ও সংঘাত এড়াতে বিকল্প বিচার ব্যবস্থা' শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.৬), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), সমকাল (পৃ.৩,ক.১)।

৫। ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে ৩৪ হাজার বৈদ্যুতিক খুঁটি ক্রয়সহ ৫ প্রস্তাব অনুমোদন

বরিশাল বিভাগের জন্য প্রায় ৩৪ হাজার বৈদ্যুতিক খুঁটি ক্রয়সহ মোট ৫টি প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে মোট ব্যয়ের পরিমাণ হচ্ছে ৩৬১ কোটি ৪৪ লাখ টাকা। গতকাল ১৯ আগস্ট বুধবার সচিবালয়ে অনুষ্ঠিত ক্রয় কমিটির বৈঠকে এ সব প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। কমিটির আহ্বায়ক অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ও জ্যেষ্ঠতম সদস্য শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর অনুপস্থিতিতে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৪), ইনকিলাব (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (পৃ.১২,ক.৪), ডেইলি সান (পৃ.২,ক.২)।

৬। অনুমোদন ছাড়া যন্ত্রপাতি কিনলে ব্যবস্থা নেওয়া হবে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, কমিটির অনুমোদন ছাড়া হাসপাতালে যন্ত্রপাতি ক্রয়ের অভিযোগ পেলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। যন্ত্রপাতির প্রয়োজন আছে কিনা তা যাচাই করে চাহিদা ও নীতিমালা অনুযায়ী ক্রয় করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন মন্ত্রী। গতকাল ১৯ আগস্ট বুধবার সচিবালয়ে হাসপাতালের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও অব্যবহৃত যন্ত্রপাতি সংক্রান্ত সভায় সভাপতিত্বকালে তিনি এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (পৃ.৩,ক.১), সমকাল (পৃ.২,ক.১), নিউজ টুডে (পৃ.৩,ক.২), বাংলাদেশ টুডে (পৃ.৩,ক.২)।

৭। দুই ছাত্রলীগ নেতা ক্রসফায়ারে নয়, বন্দুকযুদ্ধে নিহত : স্বরাষ্ট্রমন্ত্রী

রাজধানীর হাজারীবাগ থানা ছাত্রলীগের সভাপতি আরজু মিয়া ও মাগুরায় ছাত্রলীগের নেতা মেহেদী হাসান বন্দুকযুদ্ধে নিহত হয়েছেন। ক্রসফায়ারে তাদের মৃত্যু হয়নি। এদিকে হাজারীবাগে শিশু নির্যাতনের ঘটনায় দায়িত্বে অবহেলার দায়ে হাজারীবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মঈনুল ইসলামকে বদলি করে খিলগাঁও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা করা হয়েছে। হাজারীবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা করা হয়েছে পুলিশ পরিদর্শক আলিমুজ্জামানকে। গতকাল ১৯ আগস্ট বুধবার স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল পাঁচতারকা সোনারগাঁও হোটেলে এক অনুষ্ঠান শেষে

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (পৃ.৩,ক.২), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.৬)।

৮। কোরবানির ঈদে রেললাইনের পাশে পশুর হাট নয় : সংসদীয় কমিটির সিদ্ধান্ত

কোরবানির ঈদের সময় রেললাইনের পাশে পশুর হাট না বসাতে মন্ত্রণালয়কে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছে রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি। গতকাল ১৯ আগস্ট বুধবার সংসদ ভবনে অনুষ্ঠিত রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়। কমিটির সভাপতি এ বি এম ফজলে করিম চৌধুরীর সভাপতিত্বে গতকালের বৈঠকে কমিটির সদস্য রেলমন্ত্রী মুজিবুল হক, খালিদ মাহমুদ চৌধুরী, মো. আলী আজগর, মুহাম্মদ মিজানুর রহমান, মো. সিরাজুল ইসলাম মোল্লা, মোহাম্মদ নোমান ও ইয়াসিন আলী অংশ নেন। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.৫)।

৯। জঙ্গি অর্থায়নের অভিযোগে তিন আইনজীবী গ্রেফতার

জঙ্গিদের অর্থায়ন করার অভিযোগে ব্যারিস্টার শাকিলা ফারজানাসহ তিন আইনজীবীকে গ্রেফতার করা হয়েছে। গত ১৮ আগস্ট মঙ্গলবার রাতে রাজধানীর ধানমন্ডি থেকে র‍্যাব-২ এবং র‍্যাব-৪ এর সহযোগিতায় র‍্যাব-৭ তাদের গ্রেফতার করেছে। পরে তাদের কড়া নিরাপত্তায় চট্টগ্রামে র‍্যাব-৭ কার্যালয়ে নিয়ে যাওয়া হয়েছে। শাকিলা ফারজানা ছাড়াও অন্য দুইজন হলো, অ্যাডভোকেট হাসানুজ্জামান লিটন, অ্যাডভোকেট মাহফুজ চৌধুরী বাপন। সূত্র-সংবাদ (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.১,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.৩), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৪), নিউজ টুডে (পৃ.১,ক.৮)। সংবাদ, জনকণ্ঠ, সমকাল, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। চলতি অর্থবছরে বড় অঙ্কের ঋণ দিচ্ছে বিশ্বব্যাংক : প্রকল্প প্রস্তাব দ্রুত চূড়ান্ত করার তাগিদ

পাইপলাইন প্রকল্পের অগ্রগতি মূল্যায়ন করা হয়েছে। এ সময় দ্রুত প্রকল্প চূড়ান্ত করার তাগিদ দিয়েছে বিশ্বব্যাংক। গতকাল ১৯ আগস্ট বুধবার এ নিয়ে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় বৈঠকে এই তাগিদ দেওয়া হয়েছে। রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সিনিয়র সচিব মেজবাহ উদ্দিন। উপস্থিত ছিলেন ঢাকায় নিযুক্ত বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর ইউহানেস জাট এবং প্রস্তাবিত ১৩টি প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের প্রতিনিধিরা। সূত্র জানায়, চলতি অর্থবছরে বড় অঙ্কের ঋণ ও অনুদান দিচ্ছে সংস্থাটি। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), ইত্তেফাক (পৃ.১৮,ক.৭), সংবাদ (শেষ পৃ.,ক.৫), ফিনানশিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৩), নিউজ টুডে (পৃ.৩,ক.৬)।

১১। ৭৮ শতাংশ সরকারি বিদ্যালয়ে কোচিং বাধ্যতামূলক : গণসাক্ষরতা অভিযানের গবেষণা প্রতিবেদন

প্রাথমিক বিদ্যালয়ে কোচিং বেআইনি হলেও সমাপনী পরীক্ষা চালুর পর তা বেড়েছে। শিক্ষা সমাপনী পরীক্ষার প্রস্তুতির জন্য গত বছর দেশের ৮৬ দশমিক ৩ শতাংশ বিদ্যালয়ে শিক্ষার্থীদের কোচিং করতে হয়েছে। আর ৭৮ শতাংশ সরকারি বিদ্যালয়ে কোচিং ছিল বাধ্যতামূলক। শিক্ষা নিয়ে কাজ করে, এমন বেসরকারি সংস্থার মোর্চা গণসাক্ষরতা অভিযানের একটি গবেষণা প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। সূত্র-প্রথম আলো (পৃ.১, ক.৭), জনকণ্ঠ (পৃ.২,ক.১), সমকাল (শেষ পৃ.,ক.২), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.৫,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : ২৩ বছর আগে ভেজাল প্যারাসিটামল সিরাপ পান করে ৭৬টি শিশু মারা যাওয়ার ঘটনায় ছয় ব্যক্তির দণ্ড ঘোষণায় বিলম্বে হলেও অপরাধীরা সাজা পাওয়ায় স্বস্তি প্রকাশ;

খ. ইত্তেফাক : সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সংকট নিরসনে পর্যাপ্ত শিক্ষক নিয়োগের পাশাপাশি শিক্ষার মানোন্নয়নে বিনিয়োগ বাড়ানোর সুপারিশ;

গ. জনকণ্ঠ : রাষ্ট্রের নিরাপত্তার স্বার্থে জঙ্গিবাদ নির্মূলে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান;

ঘ. সংবাদ : হাজারীবাগের ট্যানারি শিল্পের প্রায় ২০০ কারখানার বর্জ্য বুড়িগঙ্গা নদীসহ হাজারীবাগের আশপাশের পরিবেশের ওপর মারাত্মক প্রভাব ফেলায় উদ্বেগ প্রকাশ করে সাভারের নির্ধারিত স্থানে তা স্থানান্তর করার সুপারিশ;

ঙ. সমকাল, যায়যায়দিন : সাফ অনুর্ধ্ব-১৬ ফুটবলে বাংলাদেশ অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায় অভিনন্দন;

চ. ডেইলি স্টার, ডেইলি অবজারভার : মাগুরা, হাজারিবাগ এবং কুষ্টিয়ায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী দ্বারা ক্ষমতাশীল রাজনৈতিক দলের নেতাকর্মী নিহত হওয়ার পরিপ্রেক্ষিতে অপরাধী হলেও তাদের আইনি নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ;

ছ. ইন্ডিপেনডেন্ট : রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যান, বোটানিকেল গার্ডেন ও ওসমানি উদ্যানের ভিতরে চলাচলের সময় ছিনতাইকারীদের হাত থেকে জনসাধারণকে রক্ষায় পর্যবেক্ষণ ও পাহারার ব্যবস্থা জোরদার করার আহ্বান;

জ. ডেইলি সান : গ্রামের অসহায় দরিদ্র জনগোষ্ঠীর জন্য নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ;

ঝ. নিউজ টুডে : পার্লামেন্টারি স্ট্যান্ডিং কমিটির কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতায় ব্যবধান থাকার বিষয় নিয়ে

টিআইবির প্রকাশিত প্রতিবেদনের ওপর আলোকপাত;

ঞ. ফিনানশিয়াল এক্সপ্রেস : মৎস্য ও পোলট্রি ফার্মের মালিকদের কর রেয়াত দেওয়ার সুপারিশ;

ট. নিউ নেশন : আসন্ন ঈদুল আযহার পশুর হাটের আয়োজন যথাযথভাবে সম্পন্নে কর্তৃপক্ষকে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে রাষ্ট্রের হাতে নিয়ন্ত্রণহীন ক্ষমতা তুলে দিলে তা জীবন ও মত প্রকাশের স্বাধীনতা উভয়ের জন্যই হুমকি হয়ে ওঠে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত 'গণতন্ত্র ও সুশাসনের সংকট' শিরোনামের নিবন্ধে মুনির আহম্মদ গণতন্ত্র ও সুশাসনহীন সমাজ বা রাষ্ট্র নৈরাজ্যকর ও বিশৃঙ্খল বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা